



পনেরোই আগস্টের বিচার

কাইউম পারভেজ

জজ সাহেব কি বাসায় আছেন?

কে? কে ?

আমি খোকা।

কোন খোকা? কাদের খোকা?

জ্বি আমি খোকা। ভাল নাম মুজিবুর রহমান।

শেখ মুজিবুর রহমান। টুঙ্গি পাড়ায় বাড়ী।

স্যার! স্যার আপনি জাতির পিতা বঙ্গ...

ব্যাস ব্যাস। আর লাগবে না।

স্যার আপনি দাঁড়ান আমি এখনি দরজাটা খুলে দিচ্ছি।

দরজা খুললে আপনি আর আমাকে দেখতে পাবেন না।

আবার দেখলেও চিনতে পাবেন না।

ঠিক আছে স্যার – আমি আপনার জন্য কি করতে পারি?

আমি বিচার চাইতে এসেছি।

কার বিচার? কিসের বিচার স্যার?

পনেরোই আগস্টের বিচার।

কেন বিচার তো হয়েছে স্যার –

খুনীদের ফাঁসিও হয়ে গেছে কারো কারো।

আমার রাসেলকে হত্যার কি বিচার করেছেন?

ছোট বাচ্চাটা আমার। ভয়ে জাপটে ধরেছিলো মাকে।

খুনীদের অনেক অনুন্নয় করে বলেছে –

চাচু আমাকে মেরো না। আমি কিছু করিনি।

ওরা বলেছে না রাসেল তোমাকে মারবো না।

তারপরেই টেনে হিচড়ে বাথরুমে নিয়ে গিয়ে – ঠুস।

বাবা বাবা বলে চিৎকার করছিলো। একটু পানিও চেয়েছিলো।

রাসেল হত্যার বিচার কি হয়েছে -বলুন?

আমার আরো দুটি জোয়ান ছেলে – মুক্তিযোদ্ধা কামাল জামাল

ওদেরকেও মেরেছে গুলি করে যে গুলি

আমি বিদেশ থেকে জোগাড় করে দিয়েছিলাম ওদের দেশ রক্ষার জন্য।

ওরা আমার ছেলেদের রক্ষা করেনি।

দেশ রক্ষার নামে ওরা জাতির পিতাকে তার ছেলেদেরসহ

ঝাঁঝরা করেছে অনেক কাছ থেকে।

কি বিচার করেছেন তার বলুন তো জজ সাহেব?

স্যার সবগুলো হত্যার একসঙ্গে বিচার করা হয়েছে

জজ সাহেব ? হত্যার পেছনের সবগুলো লোকের কী বিচার হয়েছে তবে?

অনেকেই অধরা! ক্ষমতায় থেকেও সেদিন হাত গুটিয়ে বসেছিলো।





আমি ডেকেও পাইনি তাদের। চুয়াল্লিশ বছর হয়ে গেলো যে।
শুনুন জজ সাহেব। একটু খোঁজ খবর করে দেখুন।
আমার দলেরও কাণ্ডকে কাণ্ডকে পেয়ে যাবেন এ দলে।

এরা সব জানতো। এরা সবাই জানতো। শুধু জানতাম না আমি।
রেনু বোধহয় একটু আঁচ করতে পেরেছিলো।
আমাকে কেবলই সাবধান করতো।
ওর আঁচ কখনো মিথ্যে হয়নি।
বুঝেছিলো বলেই রেহানাকে হাসুর কাছে পাঠিয়ে দিয়েছিলো।
রাসেলকেও দিতে চেয়েছিল। আমি দেইনি।
আমাকে তো রাসেল কেবল জেলেই দেখেছে। তাই...

দেখুন ওরা আমার রেনুকেও মেরে ফেললো।
সারা জীবন আমাকে সাহস জুগিয়েছে।
জানেন – সেই সাতই মার্চ যখন রেসকোর্সের উদ্দেশে তৈরী হচ্ছি
রেনু আমার পাইপটা হাতে দিয়ে বললো –
আপনি কারো কথা শুনবেন না।
সারা দেশের মানুষ আপনার নির্দেশের অপেক্ষায়।
আপনার মন যেইডা বলবে আপনি সেইডাই বলবেন।
আমি তাই করেছি – বলেছি এবারের সংগ্রাম
আমাদের স্বাধীনতার সংগ্রাম।

আমার বৌমা দুটোকেও ওরা মেরেছে
আপনারা কি তার বিচার করেছেন?
করেছেন কি বিচার আমার ভাই নাসের হত্যার?
জামিলের হত্যার বিচারও তো হয়নি।

ওরা আমার তাজউদ্দীনকে মেরেছে
সৈয়দ নজরুল, কামরুজ্জামান, মনসুর আলীকেও মেরেছে
বন্দী অবস্থায়।
খোঁজ নিয়ে দেখুন জজ সাহেব এই সব হত্যার নেপথ্যে কারা?
আরো একটু গভীরে যান।
তাদের কিন্তু বিচার হলো না- আজো।
ওরা এখন আমার হাসুকে হত্যার জন্য গুঁৎ পেতে আছে।
রেহানাকে হত্যার জন্য সুযোগের অপেক্ষায়।
সেই অধরাদের বিচার করুন জজসাহেব।
সেই কুশীলবদের বিচার করুন জজসাহেব।

পনেরোই আগষ্টের বিচার করুন জজসাহেব
কাশারীদের বিচার করুন জজসাহেব।
মরনোত্তর বিচার করুন জজসাহেব।

